গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন,১৬ আব্দুল গনি রোড,ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.১৮৭/১ তারিখ: ১৩ জুন ২০২১ খ্রি.

**১৩/০৬/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আব্দুল্লাহ আল মামুন, পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ১৩/০৬/২০২১খ্রি:, সোমবার।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : Zoom অ্যাপসের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং-এ ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয় । সভাপতি এবং সদস্যরা সংশ্লিষ্ট নিজ নিজ দপ্তর থেকে ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করেন ।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট- ক

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট-কে আহবান জানান। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | চালকলের উৎপাদন ও মজুত প্রতিবেদন সহজিকরণ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা আইডয়াটির পরিবর্তীত নাম ই-লাইসেন্স ও পাক্ষিক রিটার্ন ডিজিটাইজেশন প্রস্তাব করেন এবং জানান যে, জনাব সুবীর নাথ চৌধুরী, জেলা খাদ্য নিয়ন্ত্রক, বি-বাড়ীয়া উক্ত প্রস্তাবিত আইডয়াটি বাস্তবায়ন টিমে থাকবেন। কর্ম-পরিকল্পনাসহ একটি পূর্ণাঙ্গ প্রস্তাব বাজেটসহ প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | কর্ম-পরিকল্পনা ও বাজেটসহ একটি পূর্ণাঙ্গ বিস্তারিত প্রস্তাব প্রেরণ করতে হবে। | জনাব মোহাম্মদ বাবুল হোসেন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা ও<br>জনাব সুবীর নাথ চৌধুরী, জেলা খাদ্য নিয়ন্ত্রক, বি-বাড়ীয়া। |
| ২। | বিতরণখাতে স্টেনসিলকরণ আধুনিকায়ন - জনাব মাহমুদুল হাছান, জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান। | আইডয়াটি যে অটেমেটিক যন্ত্রের মাধ্যমে করার জন্য প্রস্তাব দেয়া হয়েছিল তা মার্কেটে সহজলভ্য না থাকায় আইডিয়াটি বাস্তবায়ন করতে সম্ভব হচ্ছে না মর্মে জনাব মাহমুদুল হাছান পত্রের মাধ্যমে অবহিত করেন। যেহেতু একই বিষয়ে ইতোমধ্যে একটি আইডিয়া পরিপত্রের মাধ্যমে দেশব্যাপী বাস্তবায়ন করা হচ্ছে সেহেতু উক্ত আইডিয়াটি আর বাস্তবায়নের সুযোগ নেই মর্মে আলোচনা হয়। | নতুন আইডিয়া প্রস্তাব করতে হবে। | জনাব মাহমুদুল হাছান, জেলা খাদ্য নিয়ন্ত্রক,বান্দরবান। |

| ক্রঃ নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | ওএমএস খাতে ময়দাকলের অনুকূলে গম বরাদ্দের প্রক্রিয়ার ক্ষমতার বিকেন্দ্রীকরণ ও বিক্রয়ে স্বচ্ছতা আনয়ন | পূর্ণাঙ্গ প্রস্তাব এখনও না পাওয়ায় সভাপতি অসোন্তোষ প্রকাম করেন। কর্ম-পরিকল্পনাসহ একটি পূর্ণাঙ্গ প্রস্তাব বাজেটসহ দ্রুত প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | কর্ম-পরিকল্পনা ও বাজেটসহ একটি পূর্ণাঙ্গ বিস্তারিত প্রস্তাব দ্রুত প্রেরণ করতে হবে। | জনাব তহিদুর রহমান,উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হিজলা,বরিশাল। |
| ৪। | আনসার নিয়োগ ও বেতন ভাতাদি পরিশোধ - জনাব মোঃ আব্দুর রহমান,সহকারী খাদ্য নিয়ন্ত্রক, যশোর । | জনাব মোঃ আব্দুর রহমান,সহকারী খাদ্য নিয়ন্ত্রক, যশোর জানান যে, সিএসডি ছাড়া আনসার না থাকায় এই বিষয়ে পাইলটিং করতে হলে ম্যানেজার, মহেশ্বেরপাশা সিএসডিকে অন্তর্ভূক্ত করা প্রয়োজন। এছাড়াও কর্ম-পরিকল্পনাসহ একটি পূর্ণাঙ্গ প্রস্তাব বাজেটসহ দ্রুত প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | আইডিয়াটি বাস্তবায়নে ম্যানেজার, মহেশ্বেরপাশা সিএসডিকে অন্তর্ভূক্ত করতে হবে এবং কর্ম-পরিকল্পনা ও বাজেটসহ একটি পূর্ণাঙ্গ বিস্তারিত প্রস্তাব দ্রুত প্রেরণ করতে হবে। | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা<br>ও<br>জনাব মোঃ আব্দুর রহমান,সহকারী খাদ্য নিয়ন্ত্রক, যশোর । |
| ৫। | শ্রমবহুল (চা বাগান) খাতে খাদ্যশস্য বিতরণ সহজিকরণ - জনাব মোঃ খবির উদ্দিন , উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বানিয়াচং,হবিগঞ্জ। | চা- শ্রমিকদের ডাটাবেজ প্রণয়নে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বানিয়াচং, হবিগঞ্জ জানান যে, আইডিয়াটি নিয়ে কার্যক্রম গ্রহণের জন্য চা বাগানের কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করে শ্রমিক তালিকা চাওয়া হলে তালিকা সরবরাহ করতে কর্মকর্তাদের মধ্যে অনীহা পরিলক্ষিত হয়। কিন্তু আইডিয়াটি বাস্তবায়ন সময়ের দাবী। এত আনক অনিয়ম দূর হবে মর্মে প্রতিয়মান হয়। যে উপজেলায় চা-বাগান রয়েছে সে উপজেলার নাম প্রস্তাব করতে হবে এবং ঐ উপজেলার কর্মকর্তাকে অন্তর্ভূক্তসহ একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট কে মেন্টর হিসেবে সার্বিক সহায়তা করার বিষয়ে আলোচনা হয়। এবং পাইলটিং করার উপর গুরুত্ব দেয়া হয়। | ক) যে উপজেলায় চা-বাগান রয়েছে সে উপজেলার নাম এবং ঐ উপজেলার কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করে প্রস্তাব প্রেরণ করতে হবে<br>খ) বিস্তারিত কর্মপরিকল্পনাসহ একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রস্তুত করে পাঠাতে হবে এবং পাইলটিং গ্রহণ করতে হবে।<br><br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট মেন্টর হিসেবে দায়িত্ব পালন করবেন এবং সার্বিক সহায়তা করবেন। | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট<br>ও<br>জনাব মোঃ খবির উদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বানিয়াচং, হবিগঞ্জ। |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/৬/২০২১

(আব্দুল্লাহ আল মামুন)
পরিচালক, প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন- ০২-৯৫৮৬২১৩
ই-মেইল-dadm@dgfood.gov.bd

১৩/৬/২১

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.১৮৭/১ তারিখ: ১৩ জুন ২০২১ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়

৩) পরিচালক, সংগ্রহ/ সরবরাহ, বন্টন ও বিপণন/ চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট

৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর

৬) ইনোভেশন টিমের সকল সদস্য

৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নওগাঁ/ বগুড়া/ দিনাজপুর/ খুলনা/ ব্রাহ্মণবাড়িয়া/ শেরপুর/ বান্দরবান/ যশোর

৮) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হিজলা,বরিশাল/ বানিয়াচং,হবিগঞ্জ।

(আব্দুল্লাহ আল মামুন)
পরিচালক, প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।